# Delhi Public School, Howrah

**PERIODIC TEST-II (2025-2026)**

**Class- XII**

***Care must be taken not to write anything on the question paper. All the questions must be attempted in the correct sequence.***

**Subject:- BENGALI (105)**

**Time:-3 HOURS** **F.M.-80**

## SECTION–A (READING)

## PART- A

**1. নীচের অনুচ্ছেদ দুটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করে লেখো :** 2×(1×5)=10

A. বীণা ও পুস্তক দুই-ই সরস্বতীর দান হলেও ও- দুই গ্রহণ করবার শক্তি এক দেহে প্রায় থাকে না। বীণাবাদন বিশেষ সাধনাসাধ্য, পুস্তকপঠন অপেক্ষাকৃত ঢের সহজ। সুতরাং বই পড়ার অধিকার যত লোকের আছে, বীণা বাজাবার অধিকার তার সিকির সিকি লোকেরও নেই। এই কারণে সকলকে জোর করে বিদ্যাশিক্ষা দেবার ব্যবস্থা এ যুগের সকল সভ্য দেশেই আছে, কিন্তু কাউকে জোর করে সংগীতশিক্ষা দেবার ব্যবস্থা কোনো অসভ্য দেশেও নেই। অতএব নাগরিকেরা বীণা দেওয়ালে টাঙিয়ে রাখতেন বলে যে পুঁথির ডুরি খুলতেন না, এরূপ অনুমান করা অসঙ্গত হবে। সে যাই হোক, টীকাকার বলেছেন, 'যে-সে বই নয়, তখনকার বই'; এই উক্তিই প্রমাণ যে, এটা সত্য যে সে বই পড়া হত। যে বই এখনকার নয় কিন্তু সেকালের, যাকে ইংরেজিতে বলে ক্ল্যাসিক, তা ভদ্রসমাজে অনেক লোক ঘরে রাখে পড়বার জন্য নয়, দেখবার জন্য। কিন্তু হালের বই লোকে পড়বার জন্যই সংগ্রহ করে, কেননা অপর কোনো উদ্দেশ্য তা গৃহজাত করবার কোনরূপ সামাজিক দায় নেই। আর এক কথা। আমরা বর্তমান ইউরোপের সভ্যসমাজেও দেখতে পাই যে, 'এখনকার' বই পড়া সে সমাজের সভ্যদের ফ্যাশনের একটি প্রধান অঙ্গ। আঁনাতোল ফ্রাঁসের টাটকা বই পড়িনি, একথা বলতে প্যারিসের নাগরিকেরা যাদৃশ লজ্জিত হবেন, সম্ভবত কিপলিঙের কোনো সদ্যপ্রসূত বই পড়িনি বলতে লন্ডনের নাগরিকেরাও তাদৃশ লজ্জিত হবেন; যদিচ আঁনাতোল ফ্রাঁসের লেখা যেমন সুপাঠ্য, কিপলিঙের লেখা তেমনই অপাঠ্য। এ কথা আমি আন্দাজে বলছিনে। বিলেতে একটি ব্যারিস্টারের সঙ্গে আমার পরিচয় ছিল। তিনি মাসে দশ-বিশ হাজার টাকা রোজগার করতেন। অত না হোক, যা রটে তা কিছু বটেই তো। এই থেকেই আপনারা অনুমান করতে পারেন তিনি ছিলেন কত বড়লোক। এত বড়লোক হয়েও তিনি একদিন আমার কাছে অস্কার ওয়াইল্ডের বই পড়েননি, এই কথাটা স্বীকার করতে এতটা মুখ কাঁচুমাচু করে করতে লাগলেন, যতটা চোর-ডাকাতরাও কাঠগড়ায় দাঁড়িয়ে guilty plead করতে সচরাচর করে না। অথচ তার অপরাধটা কী? অস্কার ওয়াইল্ডের বই পড়েননি, এই তো? ও-সব বই পড়েছি, স্বীকার করতে আমরা লজ্জিত হই। শেষটা তিনি এর জন্য আমার কাছে কৈফিয়ত দিতে শুরু করলেন। তিনি বললেন যে, আইনের অশেষ নজির উদরস্থ করতেই তার দিন কেটে গিয়েছে, সাহিত্য পড়বার তিনি অবসর পাননি। বলা বাহুল্য, এরকম ব্যক্তিকে এদেশে আমরা একসঙ্গে রাজনীতির নেতা এবং সাহিত্যের শাসক করে তুলতুম। কিন্তু সাহিত্যের সঙ্গে তার কোন সম্পর্ক নেই এ কথা কবুল করতে তিনি যে এতটা লজ্জিত হয়ে পড়েছিলেন তার কারণ, তার এ জ্ঞান ছিল যে, তিনি যত আইনজ্ঞই হোন, আর যত টাকাই করুন, তার দেশে ভদ্রসমাজে কেউ তাকে বিদগ্ধজন বলে মান্য করবে না। - প্রমথ চৌধুরী

I. হাল আমলের বই আর সেকালের বইয়ের মধ্যে পার্থক্য কী?

A. সেকালের বই কেবল আইনজ্ঞরাই পাঠ করতেন কিন্তু হাল আমলের বই সকলেই পাঠ করে।

B. সেকালের বই অর্থাৎ ক্ল্যাসিক বই ঘরে সাজিয়ে রাখা হতো পড়া হতো না কিন্তু হাল আমলের বই লোকে পড়বার জন্যই বই সংগ্রহ করে।

C. সেকালের বই সুপাঠ্য কিন্তু হাল আমলের বই অপাঠ্য।

D. সকালের বই পাঠ করে বিদগ্ধ হওয়া সম্ভব ছিল কিন্তু বর্তমানে বই পাঠ করে বিদগ্ধ হওয়া সম্ভব নয়।

II. বিদগ্ধজন হিসেবে সম্মান পাবার গোপনীয়তা কী?

A. বিখ্যাত লেখকের বই আলমারিতে সাজিয়ে রাখার মাধ্যমে বিদগ্ধজন হওয়া সম্ভব।

B. বিখ্যাত লেখকের বই পড়ার মাধ্যমে বিদগ্ধজন হওয়া সম্ভব।

C. প্রচুর জ্ঞান সংগ্রহ করে ও প্রয়োগ না করেই বিদগ্ধ হওয়া সম্ভব।

D. কেবল অস্কার ওয়াল্ডের বই পাঠ করেই বিদগ্ধ হওয়ার সম্ভব।

III. মন্তব্য: বীণা বাজানো অপেক্ষা, পুস্তক পঠন সহজ।

কারণ(ক): বীণা বাজানোর ক্ষেত্রে ধৈর্য ও মনোযোগ লাগে কিন্তু পুস্তক পাঠে ধৈর্য ও মনোযোগ প্রয়োজন হয় না।

কারণ (খ): বীণা বাজানো সাধনা সাপেক্ষ, কিন্তু অক্ষরজ্ঞান থাকলেই বই পড়া যায়।

A. কারণ ক সঠিক এবং কারণ খ ভুল

B. কারণ খ সঠিক এবং কারণ ক ভুল

C. কারণ ক ও খ উভয়ই ঠিক

D. কারণ ক ও খ উভয়ই ভুল

IV. কিপলিঙ কোন দেশের অধিবাসী ছিলেন?

A. ফ্রান্স B. ইউরোপ C. লন্ডন D. প্যারিস

V. 'সংগীত'- সন্ধি বিচ্ছেদ করলে হবে-

A. সম্+গীত B. সং+গীত C. সম+গীত D. সন্+গীত

B. ফরিদপুরে একবার একটা অদ্ভুত ধরনের খেজুর গাছের খবর পাওয়া গেল। সন্ধের সময় গাছটা এমনভাবে নুয়ে পড়ত যে, পাতাগুলো তার মাটিতে ঠেকত। আবার সকাল হলেই সে খাড়া হয়ে উঠত। আশেপাশের লোকেরা তো এটাকে অলৌকিক ব্যাপার মনে করে খেজুরগাছকে ঠাকুর-দেবতা হিসেবে পুজো করত। দলে দলে রোগীরা এসে গাছের পুজোর প্রসাদ খেত রোগ সারাবার জন্যে।

এর আগে যেসব বৈজ্ঞানিক এসে এসব ব্যাপার দেখে গেছেন, গোড়ায় তারা কেউ এর রহস্যভেদ করতে পারেননি। জগদীশচন্দ্র এই গাছটি দেখেন। খেজুরগাছের মালিক গাছটির গায়ে কল লাগাতে দিতে রাজি হয়নি, পাছে বিলিতি কলের ছোঁয়া লেগে গাছের অলৌকিকত্ব নষ্ট হয়ে তার অর্থাগমের পথটি বন্ধ হয়। কিন্তু যখন সে শুনল এই কল এদেশের কারিগররাই বানিয়েছে তখন আর তার আপত্তি করা সম্ভব হল না।

জগদীশচন্দ্র দেখলেন খেজুরগাছটা মাটির থেকে একেবারে সোজা হয়ে ওঠেনি। শিশু অবস্থায় গাছটা ঝড়ে কাত হয়ে যায়, তাই খানিকটা হেলে গিয়ে তারপর হঠাৎ একজায়গায় মোচড় খেয়ে সোজা হয়ে উঠেছে। যে জায়গাটা বেঁকে গেছে সেখানে ওপর দিকে ক্রমাগত ঝড়-জল-রোদ লেগেছে। নীচের দিকটা তাই বেশি সুরক্ষিত ও কোমল হওয়ায় উত্তেজনায় ক্রিয়া সেখানে বেশি হবে। তাই দুপুরের তাপ জায়গাটাকে যখন উত্তেজিত করে, তখন তলা আর ওপরের অসমান সংকোচনে গাছের মাথাটা নেমে যায়। বাইরের উত্তাপে ওপর নীচের অবস্থার হেরফের হওয়ার দরুন খেজুর গাছটা ওইভাবে ওঠা-নামা করে। এইভাবে সরেজমিনে তদন্ত চালিয়ে জগদীশচন্দ্র এদেশে অলৌকিক ধারণার মূলে কুঠারাঘাত করলেন।

লজ্জাবতী, বনচাঁড়াল, ভূঁই আমলা, কামরাঙা -এই রকমের কিছু গাছ কমবেশি স্পর্শকাতর। কিন্তু অনেক গাছের তেমন কোন সাড়া আছে বলে মনে হয় না। জগদীশচন্দ্র দেখালেন সব গাছই বাইরের উত্তেজনায় সাড়া দেয়। প্রাণীদেহের কোন জায়গায় যদি ঘা দেওয়া হয় তাহলে একটা বিদ্যুৎ-তরঙ্গ সেই আহত স্থান থেকে চারিদিকে বইতে থাকে। জগদীশচন্দ্র গাছপালার ক্ষেত্রেও এই

রকমের পরোক্ষ সারা দেখতে পেলেন। আঘাতের মাত্রা এত বেশি হয় বিদ্যুৎ-তরঙ্গও তত প্রবল হয়।
প্রত্যক্ষ সাড়ার বেলায় উদ্ভিদে উদ্ভিদে এতটা তফাৎ হয় কেন? জগদীশচন্দ্র দেখালেন, লজ্জাবতী লতার যেখানে ডাল বার হয়েছে সেখানে একদিকে পেশী আছে। ঘা লাগলে পেশী সংকুচিত হয়, ডালটা নেমে পড়ে। সাধারণ গাছে সে জায়গার চারিদিকেই পেশি আছে। চারিদিক সমানভাবে সংকুচিত হওয়ায় ডাল নামে না।

I. লোকেরা খেজুরগাছকে ঠাকুর-দেবতা হিসেবে পুজো করত কেন? কারণ-
A. খেজুর গাছের নিচে কোন দিব্য সাধু বাসা বেধেছিল।
B. খেজুর গাছটি আপনা আপনি ওঠানামা করতে বলে অনেকে গাছটিকে অলৌকিক বলে মনে করত।
C. জগদীশচন্দ্র বসু গাছটিকে দেখতে এসেছিলেন বলে।
D. খেজুর গাছের রস খেয়ে অনেক রোগী সুস্থ হয়ে উঠছিল বলে।
II. মন্তব্য: খেজুর গাছের মালিক গাছটির গায়ে কল লাগাতে দিতে রাজি হয়নি।
কারণ (খ)- খেজুর গাছের গায়ে কল লাগালে খেজুর গাছটি ভেঙে যেতে পারে।
কারণ (খ)- খেজুর গাছে কল লাগালে তার অলৌকিক শক্তি নষ্ট হয়ে যেতে পারে।
A. কারণ ক ঠিক খ ভুল
B. কারণ খ ঠিক ক ভুল
C. কারণ ক ও খ দুটোই ঠিক
D. কারণ ক ও খ দুটোই ভুল
III. জগদীশচন্দ্র কী প্রমাণ করলেন?
A. খেজুর গাছটি কোন অলৌকিক গাছ নয়।
B. সব গাছই বাইরের উত্তেজনায় সাড়া দেয়।
C. সব গাছেরই পেশি থাকে বলে ওঠানামা করে।
D. উপরের কোনটিই নয়।
IV. লজ্জাবতী গাছের বৈশিষ্ট্য কী?
A. দিনের বেলা সংকুচিত হয়ে থাকে।
B. এই গাছের পাতা স্পর্শ করলেই পাতা নুইয়ে পড়ে।
C. এই গাছ সবসময় কাঁপতে থাকে।
D. এই গাছ খুব বড় আকারের হয়।
V. 'সংকোচন' শব্দটির বিপরীত শব্দ হল-
A. সংকুচিত B. প্রসারিত C. প্রসারণ D. বিস্তারিত

## SECTION-B(GRAMMAR)

**2. যেকোনো পাঁচটি বাগধারা বা প্রবাদের সঠিক উত্তর বেছে লেখ:** **(5×1=5)**

I.'গড্ডলিকা প্রবাহ' বাগধারাটির অর্থ-
A. হাতির পাল B. লম্ফ-ঝম্প C. স্রোতধারা D. অন্ধ অনুকরণ
II. বাইরে থেকে দেখতে সরল হলেও লোকটির অন্তরে-
A. কলুর বদল B. জিলাপির প্যাঁচ C. কানকাটা D. জগাখিচুড়ি

III. 'যার অনেক বুদ্ধি আছে'- তাকে বাগ্‌ধারা দিয়ে প্রকাশ করলে কী দাঁড়ায়?

A. বুদ্ধির ঢেঁকি B. ভুশণ্ডির কাক C. গভীর জলের মাছ D. বিড়াল তপস্বী

IV. 'সৌভাগ্যের বিষয়' – কথাটিকে কোন বাগধারা দিয়ে বোঝানো হয়েছে?

A. অদৃষ্টের পরিহাস B. অন্ধকার লেখা C. একাদশে বৃহস্পতি D. কেউ কেরৎ

V. নীচের কোন বাক্যটিতে 'আঠারো মাসে বছর' বাগধারাটির সঠিক প্রয়োগ হয়েছে?

A. হরিদা কোনদিনই ঠিক সময়ে অফিসে পৌঁছাতে পারেন না কারণ তার আঠারো মাসে বছর।

B. আঠারো মাসে বছর হলে তার পড়াশোনার উন্নতি হবে।

C. আমাদের চারপাশে কত মানুষ আঠারো মাসে বছর হয়ে বসে আছে।

D. ছেলেটি খুব রাগী হলেও তার তো আঠারো মাসে বছর।

VI. "নাচতে না জানলে উঠোনের দোষ"- প্রবচনটি কোন বাক্যে সঠিক প্রয়োগ হয়েছে?

A. কথায় কথায় অফিসে বড়বাবুর মুখে মুখে তর্ক করে বাদল –এ যেন নাচতে না জানলে উঠোনের দোষ।

B. নমিতা আঁকতে পারে না তেমন কিন্তু অঙ্কন প্রতিযোগিতা থেকে ফিরে এসেই বলে বিচারকেরা নিরপেক্ষ রায় দেয় নি নাহলে সে প্রথম হত, একেই বলে নাচ না জানলে উঠোনের দোষ।

C. মিতালি খুব সহজ সরল বলেই লোকে তাকে ঠকিয়ে আনন্দ পায় আর মিতালি মন খারাপ করলেও কিছু বলে না। একেই বলে নাচ না জানলে উঠোনের দোষ।

D. বিনয় খুব দুষ্টু, সবসময় লোকের পিছনে লাগবার ফন্দি আঁটে আর ধরা পড়লে বলে সে না বুঝে কাজটা করে ফেলেছে। একেই বলে নাচ না জানলে উঠোনের দোষ।

VII. ঘরে থাকলে পড়তে না বসার জন্য বকুনি আর বিদ্যালয় গেলে পড়া না পারলে বকুনি , রিমার এখন ______________ মতো অবস্থা। - শূন্যস্থানে উপযুক্ত বাগধারাটি বসাও।

A. সুখের পায়রার মতো B. শাঁখের করাতের C. ছাই চাপা আগুনের D. তাসের ঘরের

## SECTION-C (MAIN COURSE BOOK )

**3. পাঠ্য নাটক থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করে লেখো: (যে কোন পাঁচটি) (MCQ):** 1×5=5

I. 'হাসছেন তিনি ।'— তাঁর হাসির কারণ—

A. রাত্রির ফাঁকা প্রেক্ষাগৃহ B. দর্শকের তুমুল করতালি

C. গ্রিনরুমে ঘুমিয়ে পড়া D. রামব্রীজের মাতাল হয়ে যাওয়া

II. মন্তব্য: গ্রিনরুমে ঘুমানোর বিষয়ে কালীনাথ রজনীকান্তকে মিথ্যে বলে না।

কারণ (ক)- রজনীকান্ত বামুন মানুষ ।

কারণ (খ)- রজনীকান্তের প্রতি কালীনাথের ছিল গভীর শ্রদ্ধা ।

A. কারণ ক সঠিক এবং কারণ খ ভুল

B. কারণ খ সঠিক এবং কারণ ক ভুল

C. কারণ ক ও খ উভয়ই ঠিক

D. কারণ ক ও খ উভয়ই ভুল

III. 'এ হচ্ছে সবই মাতালের কারবার।'— কোন্ ঘটনার জন্য এমন মন্তব্য?

A. প্রেক্ষাগৃহে একা একা পায়চারি করার পরিপ্রেক্ষিতে

B. পঁয়তাল্লিশ বছরের অভিনয় জীবনে প্রথমবার মাঝরাতে একা স্টেজে দাঁড়ানো

C. গ্রিনরুমের চেয়ারে বসেই ঘুমিয়ে পড়া

D. মাঝরাতে ট্যাক্সি ডেকে একা একা বাড়ি ফেরা

IV. "ওই তারা আবার আমায় ঘিরে নাচছে"— 'তারা' হল —

A. দারার শির, সুজার দেহ ও মোরাদের কবন্ধ

B. দারার দেহ, সুজার শির ও মোরাদের কবন্ধ

C. দারার শির, সুজার কবন্ধ ও মোরাদের দেহ

D. দারার শির, সুজার দেহ, মোরাদের মস্তক

V. "Farewell the tranquil mind"- এই সংলাপটি যে নাটকের, সেটি হল —

A. কিং লিয়ার B. ম্যাকবেথ C. হ্যামলেট D. ওথেলো

VI. 'আমি স্পষ্ট বুঝতে পারছি কালীনাথ।'—রজনীকান্ত স্পষ্ট বুঝতে পেরেছিলেন যে —

A. তাঁর বয়স হয়েছে

B. তাঁর অভিনয় ক্ষমতা এখনও অটুট

C. প্রতিভার মৃত্যু নেই

D. কিছুই চিরদিন থাকে না

**4. পাঠ্য সহায়ক গ্রন্থ থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করে লেখো: ( যে কোন পাঁচটি)(MCQ):** 1×5=5

I. 'ইচ্ছে করলেই কী যাওয়া যায়'।– কোথায় যাওয়ার কথা বলা হয়েছে?

A. বক্সা B. সাহেবগঞ্জ C. বিদ্যালয় D. সেনাবাহিনীতে

II. মন্তব্য: চেংমান বুঝতে পারে এবার সে ইঁদুরকলে পড়েছে।

কারণ (ক)- মনমোহন চেংমানকে তার পাওনা মিটিয়ে দিয়ে যাওয়ার কথা বলেছিল।

কারণ (খ)- চেংমান বিপদের কথা ভুলে গেছিল।

A. কারণ ক সঠিক এবং কারণ খ ভুল

B. কারণ খ সঠিক এবং কারণ ক ভুল

C. কারণ ক ও খ উভয়ই ঠিক

D. কারণ ক ও খ উভয়ই ভুল

III. ডালুদের কোন গ্রামে মহাজন কুটিশ্বর সাহা জমি কেড়ে নিয়েছিলেন?

A. নওয়াপাড়া B. দুমনাকুড়া C. ভুবনকুড়া D. কুমারগাঁতি

IV. 'বছরে তিনমাস সাজা মাফ করার নিয়ম আছে'- তাকে কী বলে?

A. মার্কা B. বিরাম C. ছাড় D. বিরতি

V. গারো পাহাড়ের পাদদেশে বসবাসকারী মানুষরা মূলত কোন ধরণের কৃষিকাজ করে?

A. ধান চাষ B. চা চাষ C. কফি চাষ D. তৈলবীজ চাষ

VI. মন্তব্য: "মানুষগুলো যেন তার কাছে অংকের এককেটা চিহ্ন ছাড়া আর কিছু নয়।"

কারণ (ক) – মানুষগুলোর নিজেদের কোন নাম ছিল না।

কারণ (খ) – মানুষগুলোর নাম নয়, এখানে সংখ্যাই তাদের পরিচয়।

A. কারণ ক সঠিক এবং কারণ খ ভুল

B. কারণ খ সঠিক এবং কারণ ক ভুল

C. কারণ ক ও খ উভয়ই ঠিক

D. কারণ ক ও খ উভয়ই ভুল

VII. ডালু চাষিরা কোন গান গায় চাষের সময়?

A. মঙ্গলগান B. কষ্টের গান C. হাল বাইতে বাইতে গান D. রোয়া লাগানোর গান

## PART-B: DESCRIPTIVE QUESTION
## SECTION-B (GRAMMAR)

**5. ধ্বনিবিজ্ঞানের নিম্নলিখিত সূত্রগুলির যে কোনো একটির দুটি উদাহরণসহ সংজ্ঞা লেখো। (2+2)×1=4**

স্বরভক্তি অথবা স্বরসংগতি অথবা অভিশ্রুতি

**6. শব্দবিজ্ঞানের নিম্নলিখিত সূত্রগুলির যেকোনো একটির চারটি উদাহরণসহ সংজ্ঞা লেখ। (2+2)×1=4**

অর্থের অপকর্ষ অথবা অর্থের সম্প্রসারণ

## SECTION-C
## Supplementary Reader/Non-detailed Text

7. 'কিন্তু এমন দুর্যোগে ভগবানও কাথামুড়ি দিয়ে ঘুমোন বোধ করি'।–

a. কোন প্রসঙ্গে এ কথা বলা হয়েছে ?

b. এমন মন্তব্যের কারণ কী বলে তোমার মনে হয় ? 2+3=5

**OR**

"তোরা মর্, তোদের শতগুষ্টি মরুক।"-

a. কে কখন মন্তব্যটি করেছে?

b. মন্তব্যটির প্রেক্ষাপট আলোচনা করো?

8. "মরে গেল। না খেয়ে মরে গেল।" - এর মধ্য দিয়ে বক্তার চরিত্রের কোন্ দিক ফুটে উঠেছে? 2

9. "শেষ রোদের আলোয় সে দূরের দিকে ক্রমশ আবছা হয়ে গেল।"- সে ক্রমশ আবছা হয়ে গেল কেন? 3

**OR**

পাঠ্য 'ভাত' ছোটোগল্পটিতে 'ভাত' একটি অনিবার্য মোটিফ হিসেবে বারবার ফিরে ফিরে আসে—– এই মন্তব্যটি গল্প অবলম্বনে বিশ্লেষণ করো ।

**10. প্রসঙ্গসহ তাৎপর্য ব্যাখ্যা লেখ: 5×1-5**

আমি কি তাকাব আকাশের দিকে

বিধির বিচার চেয়ে?

**OR**

আরোগ্যের জন্যে ওই সবুজের ভীষণ দরকার।

11. 'রক্তের অক্ষরে দেখিলাম আপনার রূপ,' -কবির এমন কথা বলার কারণ আলোচনা করো। 3

**OR**

"গাছ তুলে আনো

বাগানে বসাও.."- কেন বাগানে গাছ বসাতে বলা হয়েছে?

12. 'এত যে শুনি বাইজেনটিয়াম, সেখানে কি সবাই প্রাসাদেই থাকত?'—- বাইজেনটিইয়াম কোথায় অবস্থিত? এমন মন্তব্যের কারণ আলোচনা করো। 2+3=5

**OR**

'ভারত জয় করেছিল তরুণ আলেকজান্ডার। একলাই না কি?'-আলেকজান্ডার কে ? এই প্রশ্নের মাধ্যমে বক্তা কী বলতে চেয়েছেন?

13. 'যারা বলে নাট্যাভিনয় একটি পবিত্র শিল্প- তারা সব গাধা গাধা'- বক্তা কখন এবং কেন এই সিদ্ধান্তে উপনীত হয়েছিলেন তা আলোচনা কর। **2+3=5**

**OR**

'আমাদের দিন ফুরিয়েছে'। -

a. কে কোন প্রসঙ্গে এই উক্তিটি করেছেন?
b. বক্তার এই উপলব্ধির কারণ কি?

14. 'জেলখানায় অসহ্য লাগে অপরাধের তুলনায় শাস্তির এই হেরফের'-

a. কোন রচনায় কোন জেলখানার কথা বলা হয়েছে?
b. 'অপরাধের তুলনায় শাস্তির হেরফের' বলতে লেখক কী বুঝিয়েছেন? **2+3=5**

**OR**

'আর এক রকমের প্রথা আছে'-

a. এখানে কোন প্রথার কথা বলা হয়েছে ?
b. কীভাবে সেই প্রথার অবসান ঘটেছিল?

15. 'তাই ওরাও আমাদের পর পর ভাবে।' -কারা কেন আমাদের পর পর ভাবে ? 2

## SECTION-D (CREATIVE WRITING)

**16. নীচে সংবাদপত্রে প্রকাশিত একটি প্রতিবেদন তুলে দেওয়া হল। এটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লেখো:** 1+2+3=6

**ঢাকা, ১১ আগস্ট ২০২৫:** বাংলাদেশের শিক্ষা ব্যবস্থায় যুগোপযোগী পরিবর্তন আনতে সরকার নতুন এক পাঠ্যক্রম চালু করার সিদ্ধান্ত নিয়েছে। শিক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, ২০২৬ সালের জানুয়ারি থেকে মাধ্যমিক পর্যায়ে নতুন পাঠ্যক্রম কার্যকর হবে। এই পাঠ্যক্রমের মূল লক্ষ্য হলো শিক্ষার্থীদের মাঝে চিন্তাশক্তি, সৃজনশীলতা, প্রযুক্তিগত দক্ষতা এবং পরিবেশ সচেতনতা বৃদ্ধি করা।নতুন পাঠ্যক্রমে বাংলা, গণিত ও বিজ্ঞান বিষয়ে আধুনিক কনসেপ্ট যুক্ত করা হয়েছে, যাতে বাস্তব জীবনের সঙ্গে পাঠ্যবিষয়ের সংযোগ আরও সুস্পষ্ট হয়। পাশাপাশি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT), জলবায়ু পরিবর্তন, এবং জীবনের জন্য প্রয়োজনীয় নরম দক্ষতা (soft skills) যেমন—যোগাযোগ দক্ষতা, দলবদ্ধভাবে কাজ করার ক্ষমতা এবং নৈতিকতা—অতিরিক্ত গুরুত্ব পাচ্ছে। শিক্ষামন্ত্রী ড. দীপু মনি বলেন, "বিশ্বব্যাপী শিক্ষা ব্যবস্থায় যে রূপান্তর ঘটছে, তাতে বাংলাদেশ পিছিয়ে থাকতে পারে না। আমাদের শিক্ষার্থীরা যাতে আন্তর্জাতিক মানের সঙ্গে তাল মিলিয়ে চলতে পারে, সে জন্যই এই উদ্যোগ।"
শিক্ষকদের প্রশিক্ষণের জন্য দেশব্যাপী বিভিন্ন কর্মশালা ও সেমিনার শুরু হয়েছে। ইতিমধ্যে ৫০ হাজারেরও বেশি শিক্ষককে নতুন পাঠ্যক্রমে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। ২০২৫ সালের ডিসেম্বরের মধ্যে সকল শিক্ষককে এই প্রশিক্ষণের আওতায় আনার পরিকল্পনা রয়েছে। শিক্ষা বিশেষজ্ঞদের মতে, এই উদ্যোগ শিক্ষার মান উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। তবে পাঠ্যক্রম বাস্তবায়নে বিদ্যালয়গুলোর পর্যাপ্ত অবকাঠামো ও প্রযুক্তিগত সহায়তা নিশ্চিত করাও জরুরি। অভিভাবকরাও এই পরিবর্তনকে স্বাগত জানিয়েছেন। এক অভিভাবক বলেন, "আমার ছেলে এখন প্রযুক্তি ও বাস্তব জীবনের সমস্যাগুলি নিয়ে চিন্তা করে। আগের তুলনায় সে পড়াশোনায় আগ্রহী হয়েছে।"

a. প্রতিবেদনটির একটি উপযুক্ত শিরোনাম লেখো।

b. প্রতিবেদনের মূল বিষয়টিকে দুটি বাক্যে আলোকপাত করো।

c. এই পাঠ্যক্রম বাস্তবায়নে সরকার কী কী পদক্ষেপ নিয়েছে?

17. ডেঙ্গু রোগের সাবধানতা জানিয়ে একটি সরকারি বিজ্ঞাপন রচনা কর।(৫০টি শব্দের মধ্যে) 6

**OR**

তুমি একজন ফ্যাশন ডিজাইনার। সম্প্রতি তুমি একটি নতুন দোকান খুলেছ। সেই দোকানের জন্য একটি বিজ্ঞাপন তৈরি কর।(৫০টি শব্দের মধ্যে)